BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৬/ ১৩০

২৪ মে, ২০২৬

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

সূত্রঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের স্মারক নং ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ /২০১৭/১৫৫৯, তারিখঃ ২৪/০৫/২০২৬। (কপি সংযুক্ত)

সম্মানিত সদস্যবৃন্দ,

আসন্ন ঈদ-উল-আযহা'র পূর্বে ও পরবর্তী সাপ্তাহিক এবং সরকারী ছুটির দিনগুলোতে আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে সদস্য প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে বিজিএমইএ হতে জাতীয় রাজস্ব বোর্ড, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ইপিবি, বাংলাদেশ ব্যাংক, শিপিং এজেন্ট ,বাফা, বিকডা, শিপিং লাইন ও বন্দর কর্তৃপক্ষ'কে পৃথক পৃথক পত্র দেয়া হয়।

তৈরি পোশাক শিল্পের আমদানি-রপ্তানি বাণিজ্য চলমান রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উক্ত সময়ে তাদের দাপ্তরিক কার্যক্রম ২৪/৭ চলমান রাখে। কিন্তু উক্ত দিনগুলোতে বন্দরের কার্যক্রম চলমান রাখা সত্বেও সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য ডেলিভারি নেয়া হয় না মর্মে বন্দর কর্তৃপক্ষ অভিযোগ প্রকাশ করে সূত্রোক্ত পত্র জারী করেছে।

ঈদ-উল-আয্‌হা'র পূর্বের ও পরবর্তী ছুটির দিনগুলোতে আমদানি-রপ্তানি বাণিজ্যের কার্যক্রম চলমান রাখার নিমিত্তে উল্লেখিত কর্তৃপক্ষের সেবা গ্রহণের সুবিধা চলমান রাখার স্বার্থে সকল সদস্য প্রতিষ্ঠানের পণ্য ডেলিভারিসহ সংশ্লিষ্ট অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চালু রেখে আমদানিকৃত পণ্য খালাস ও রপ্তানিতব্য পণ্য জাহাজীকরণের কার্যক্রম চলমান রাখা প্রয়োজন।

ঈদের পরবর্তীতে সৃষ্ট কন্টেইনার জট নিরসণ ও বন্দরের হ্যান্ডেলিং কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে ঈদের বন্ধের দিনগুলোতে পণ্য ডেলিভারি গ্রহণ ও রপ্তানি পণ্য জাহাজীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

২৪/৫/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ
ফোন ঃ ০২-৩৩৩৩২২২০০-২৯, ফ্যাক্স ঃ ০২-৩৩৩৩১০৮৮৯
www.cpa.gov.bd

নং-ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ/২০১৭/১২৫৫৭ তারিখ-২৪-০৫-২০২৬ ইং।

বরাবর
সভাপতি
বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড, এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ
ব্লক-এইচ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ- আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

সূত্রঃ- বিজিএমইএ এর পত্র নং-বিজিএমইএ/কাস/২০২৬/৪৯৮০, তারিখ- ১০ মে, ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা এর ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের সকল অপারেশনাল কার্যক্রম ২৪X৭ সার্বক্ষণিক (ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা ব্যতীত) চালু থাকবে। এ সময়ে স্বাভাবিক নিয়মে কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং, জাহাজ আনা-নেয়া এবং পণ্য/কন্টেইনার ডেলিভারীসহ চট্টগ্রাম বন্দরের সকল অপারেশনাল কার্যক্রম পরিচালিত হবে।

২। উল্লেখ্য, বিগত কয়েকটি ঈদে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অধিকাল ভাতা প্রদানপূর্বক পর্যাপ্ত জনবল নিয়োজিত রেখে বিশেষ বন্দোবস্ত করে বন্দরের কার্যক্রম ২৪X৭ চালু রাখা হলেও বিজিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহ ঈদের আগে ও পরে কার্যক্রম বন্ধ রাখায় কাঙ্খিত হারে বন্দর হতে আমদানীকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো ডেলিভারী হয়নি। ফলশ্রুতিতে বন্দর হতে পণ্য/কন্টেইনার স্বাভাবিক হারে ডেলিভারী না হওয়ায় বন্দর অভ্যন্তরে পণ্য/কন্টেইনার জমে যায়, যা ঈদের পরবর্তী পুরো মাস জুড়ে বিজিএমইএ-সহ অন্যান্য সকল আমদানী-রপ্তানীকারকের পণ্য/কন্টেইনার হ্যান্ডলিং বাধাগ্রস্থ করে। ফলে ঈদের ছুটি পরবর্তী সময়ে বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক করা বেশ দুরূহ হয়ে পড়ে। এতে বন্দরের কার্গো/কন্টেইনার হ্যান্ডলিং উৎপাদনশীলতা চরমভাবে ব্যাহত হয়। তাই বন্দরের কার্যক্রম গতিশীল ও নিরবচ্ছিন্ন রাখতে বিজিএমইএ হতে অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা অপরিহার্য।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের কার্যক্রম ২৪X৭ সার্বক্ষণিক (শুধুমাত্র ঈদের দিন এক শিফট ব্যতীত) চালু থাকবে বিধায় চট্টগ্রাম বন্দর হতে পোশাক শিল্পের জন্য আমদানিকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো স্বাভাবিক নিয়মে ডেলিভারী গ্রহণ, রপ্তানি পণ্য সঠিক সময়ে জাহাজী করণের জন্য বন্দরে প্রেরণ ইত্যাদি বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বিজিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

পত্রটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

২৪/৫/২০২৬
সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
ফোন নং- ০২-৩৩৩৩৩০৮৬৯

অনুলিপি- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। পিএস টু সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। পি এস টু সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (এমএমটিসি), ৩য় তলা, ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ), আইআইইউসি টাওয়ার, হোল্ডিং নং-১৭০০/এ, ১৪ তম তলা, প্লট নং- ০৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (BAFFA), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৭। প্রথম সহ-সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৮। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৯। সভাপতি, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, ১২ তলা, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১০। পিএস টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৪/৫/২০২৬
সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ